মেহেরপুরে বিদেশি পিস্তল ও গুলিসহ দুই যুবক আটক

মেহেরপুর র্যাব ১২ ক্যাম্পের বিশেষ অভিযানে অস্ত্র ও গুলি সহ দুই যুবককে আটক করা হয়েছে । এ সময় তাদের কাছ থেকে বিদেশী দুটি পিস্তল, ৫ রাউন্ড গুলি উদ্ধার করা হয়

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটার দিকে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বাজুডাঙ্গা গ্রামে আল-সালেহ পাবলিক ওয়েলফেয়ার হাসপাতাল সংলগ্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে পিস্তল ও গুলি উদ্ধারসহ তাদের আটক করে র্যাব সদস্যরা। আটককৃতরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার সিদ্দিক আলীর ছেলে সোহাগ হোসেন গিট্টু একই গ্রামের ভাঙ্গাপাড়া এলাকার দিদার মন্ডলের ছেলে মিশন ইসলাম।

র্যাবের পক্ষ থেকে জানায়, বিকালে র্যাবের একটি বিশেষ দল গোপন সংবাদের ভিত্তিত্বে দৌলতপুর এলাকায় অভিযান চালায়। এসময় আটক গিট্টুর কাছ থেকে আমেরিকার তৈরী একটি বিদেশী পিস্তুল, তিন রাউন্ড গুলি ও একটি ম্যাগজিন উদ্ধার হয়। এছাড়া মিশন আলীর কাছ থেকে আফগানিস্তানের তৈরি একটি পিস্তল, ২ রাউন্ড গুলি, ২ রাউন্ড গুলির খোসা উদ্ধার করা হয়।

র্যাব-১২, সিপিসি-৩-এর কোম্পানি কমান্ডার পুলিশ সুপার আল মামুন চিশতী জানান, সন্ত্রাসী কর্মকাণ্ডে ব্যবহারের উদ্দেশ্যে অস্ত্র মজুদের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এ সময় তাদের হেফাজত থেকে ১টি আমেরিকার তৈরি পিস্তল ও ১টি আফগানিস্তানের তৈরি রিভলবার সহ ৫ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটককৃতদের বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকাণ্ডসহ একাধিক মামলা রয়েছে। তাদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে এবং পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কুষ্টিয়ার দৌলতপুর থানায় হস্তান্তর করা হবে। সোহাগ হোসেন গিট্টুর নামে হত্যা ও অপহরণ মামলাসহ ৪টি এবং মিশনের নামে একটি মারামারি মামলা রয়েছে।

গাংনীর নওপাড়ায় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মাগফেরাত কামনায় মিলাদ ও দোয়া

গাংনীর নওপাড়ায় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জীবনের স্মৃতিচারণ ও তার রুহের মাগফেরাত কামনায় মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। গাংনীর কাথুলী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপি আয়োজিত মিলাদ মাহফিলে পবিত্র কোরআন ও হাদিস থেকে আলোচনা করেন, মাওলানা মোঃ আমিরুল ইসলাম।

দোয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালের অবসরপ্রাপ্ত শিক্ষক ও বিশিষ্ট বিএনপি’র প্রবীণ নেতা আব্দুর রউফ। দোয়া পরিচালনা করেন, নওপাড়া বড় মসজিদের ইমাম মাওলানা মোঃ শফিকুল ইসলাম।

তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও জাতীয়তাবাদী দল বিএনপি’র চেয়ারপারসন মরহুমা খালেদা জিয়ার স্মৃতিচারণমূলক বক্তব্য রাখেন, গাংনী থানা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আব্দুর রউফ, কাথুলী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক রবিউল ইসলামসহ অনেকে।

দোয়া ও মিলাদ পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন, ইউনিয়ন বিএনপি’র সাবেক প্রচার সম্পাদক কাজল ও মহিত।

দোয়া অনুষ্ঠানে স্থানীয় বিএনপি’র নেতাকর্মী, সমর্থকসহ গণ্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত বোর্ডের দায়িত্ব গ্রহণ

ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত বোর্ড আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছে। সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মাহফুজুর রহমান এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন শেখ মোহাম্মদ তোয়াশীন।

দায়িত্ব গ্রহণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি মাহফুজুর রহমান জেলা বোর্ডের সদস্য, ইউনিট পর্যায়ের নেতৃবৃন্দ ও সংগঠনের সাধারণ সদস্যদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, এই দায়িত্ব কোনো ব্যক্তিগত সাফল্যের প্রতীক নয়; বরং এটি সংগঠনের প্রতি সদস্যদের আস্থা, ত্যাগ ও সম্মিলিত পরিশ্রমের স্বীকৃতি।

নেতৃত্বকে ক্ষমতার নয়, বরং সেবা, দায়বদ্ধতা ও মানবিক দায়িত্বের জায়গা হিসেবে উল্লেখ করে তিনি বলেন, সকলকে সঙ্গে নিয়ে মেহেরপুর জেলাকে ভলান্টিয়ার ফর বাংলাদেশের একটি আদর্শ, কার্যকর ও শৃঙ্খলাবদ্ধ জেলা হিসেবে গড়ে তুলতে তিনি দৃঢ়প্রতিজ্ঞ।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক শেখ মোহাম্মদ তোয়াশীন তাঁর বক্তব্যে বলেন, সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করা তাঁর জন্য একই সঙ্গে সম্মানজনক ও দায়িত্বপূর্ণ। তিনি উল্লেখ করেন, এই সাফল্য একক কোনো অর্জন নয়; বরং এটি সংগঠনের প্রতিটি সদস্যের বিশ্বাস, সহযোগিতা ও নিরলস পরিশ্রমের ফল। স্বচ্ছতা, শৃঙ্খলা ও ঐক্যের ভিত্তিতে সবাইকে সঙ্গে নিয়ে সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল, সংগঠিত ও ফলপ্রসূ করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। পাশাপাশি ভলান্টিয়ার ফর বাংলাদেশের লক্ষ্য ও আদর্শ বাস্তবায়নে সর্বোচ্চ আন্তরিকতা ও দায়বদ্ধতার সঙ্গে কাজ করার অঙ্গীকার করেন।

ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি আনাস আহমেদ, কোষাধ্যক্ষ রুবাইয়া সুলতানা, প্রজেক্ট অফিসার মোছাঃ টুম্পা, মানব সম্পদ

কর্মকর্তা মাসুমা সুলতানা রানী এবং জনসংযোগ কর্মকর্তা নাফিস সাদিক।

এদিকে সংগঠনের মেহেরপুর জেলা শাখার সাবেক নেতৃবৃন্দ নবনির্বাচিত কমিটিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তাঁরা আশাবাদ ব্যক্ত করেন, নতুন নেতৃত্বের হাত ধরে ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখা আরও শক্তিশালী হবে এবং মানবিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে জেলায় একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করবে।

সংশ্লিষ্ট মহলের প্রত্যাশা, নবনির্বাচিত কমিটির ঐক্যবদ্ধ নেতৃত্বে ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার কার্যক্রম নতুন গতি পাবে এবং মানবতার সেবায় সংগঠনটি আরও বিস্তৃত ভূমিকা রাখবে।

মেহেরপুরের অনলাইন ক্যাসিনো এজেন্ট প্রসেনজিৎ হালদার গ্রেপ্তার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের ক্যাসিনো এজেন্ট প্রসেনজিৎ হালদারকে গ্রেপ্তার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সন্ধ্যায় কোমরপুর বাজার এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার একটি দায়িত্বশীল সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

গ্রেপ্তার প্রসেনজিৎ হালদার কোমরপুর গ্রামের মধু হালদারের ছেলে।

ডিবি সূত্র জানায়, প্রসেনজিৎ হালদার সম্প্রতি মেহেরপুরে দায়ের হওয়া সাইবার সুরক্ষা আইনের একটি মামলার এজাহারভুক্ত আসামি।

পাশাপাশি ক্যাসিনো সংশ্লিষ্টতা ও অর্থ পাচারের অভিযোগে তার

বিরুদ্ধে ঢাকা সিআইডি মানি লন্ডারিং ইউনিট অনুসন্ধান চালাচ্ছে। এছাড়া ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময়ে তার বিরুদ্ধে একটি রাজনৈতিক মামলাও রয়েছে।

এ বিষয়ে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী বলেন, ‘নতুন সাইবার সুরক্ষা আইনে মেহেরপুর জেলায় দায়ের হওয়া প্রথম মামলার এজাহারভুক্ত আসামি হিসেবে প্রসেনজিৎ হালদারকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে চলমান অন্যান্য মামলাগুলোতেও গ্রেপ্তার দেখানোর জন্য আদালতে আবেদন করা হবে।

গ্রেপ্তারের সময় তার কাছ থেকে উদ্ধারকৃত আলামত সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, ‘এগুলো যাচাই-বাছাই একটি সময়সাপেক্ষ প্রক্রিয়া। যাচাই সম্পন্ন হলে জেলা পুলিশের পক্ষ থেকে প্রেস রিলিজের মাধ্যমে বিস্তারিত জানানো হবে।

উল্লেখ্য, এর আগেও অনলাইন জুয়া সাইট ও ক্যাসিনো এজেন্ট পরিচালনার অভিযোগে প্রসেনজিৎ হালদার গ্রেপ্তার হয়েছিলেন।

মেহেরপুরের ব্যবসায়ী জাহাঙ্গীর আলম তুহিন আর নেই

মেহেরপুর শহরের মল্লিকপাড়া মোড়ের ব্যবসায়ী জাহাঙ্গীর আলম তুহিন গতরাত সোয়া ১১টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর।

তিনি একমাত্র ছেলে, স্ত্রী, ভাইবোনসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুতে ‘আমরা ৮৫’ সামাজিক সংগঠন গভীর শোক প্রকাশ করেছে। শোকবার্তায় সংগঠনের নেতৃবৃন্দ মরহুমের রুহের মাগফিরাত কামনা

করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

মেহেরপুরে এক বছরে ৬ খুন, উদ্ধার ১০ মরদেহ

মেহেরপুর জেলার তিনটি উপজেলায় গত এক বছরে আধিপত্য বিস্তার, পূর্বশত্রুতা, পারিবারিক বিরোধ, জমিজমা সংক্রান্ত দ্বন্দ্ব ও মাদক সংশ্লিষ্ট বিরোধের জেরে অন্তত ৬ জন খুন হয়েছেন।

একই সময়ে জেলার বিভিন্ন এলাকা থেকে ১০ জনের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এসব ঘটনায় সবচেয়ে বেশি হত্যাকাণ্ড ঘটেছে গাংনী উপজেলায়।

সূত্রে জানা গেছে, গত এক বছরে গাংনী উপজেলায় ৪টি এবং মেহেরপুর সদর উপজেলায় ২টি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। অন্যদিকে মরদেহ উদ্ধারের ঘটনায় গাংনী উপজেলায় ৫টি, সদর উপজেলায় ৪টি এবং মুজিবনগর উপজেলায় ১টি মরদেহ উদ্ধার করা হয়েছে।

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা হাজিপাড়া মাঠের একটি পেঁপে বাগান থেকে তপন (২৮) নামের এক যুবকের রক্তাক্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। স্থানীয়দের ধারণা, মাদক ব্যবসা সংক্রান্ত বিরোধের জেরে তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয়। নিহত তপন এক সন্তানের জনক।

এছাড়া গাংনীর ফতাইপুরে একটি তালাবদ্ধ কারখানার ভেতর থেকে কাঠমিস্ত্রি বিপ্লব হোসেনের মরদেহ উদ্ধার করা হয়। তার সঙ্গে থাকা দুই সহযোগী ঘটনার পর থেকে পলাতক রয়েছে।

কাজিপুর গ্রামে দুই সন্তানের জননী টলি খাতুন (৩৭) এর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহতের পরিবারের অভিযোগ, তাকে নির্যাতন করে হত্যা করা হয়েছে, যদিও স্বজনদের পক্ষ থেকে আত্মহত্যার দাবি করা হয়েছে। পুলিশ ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার অপেক্ষায় রয়েছে।

এছাড়া বামুন্দি বাগানপাড়া, গোপালনগর মাঠ, ছাতিয়ান-বাদিয়াপাড়া

মাঠসহ বিভিন্ন স্থান থেকে ঝুলন্ত ও অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর উপজেলার কালিগাংনী গ্রামে রাজনৈতিক বিরোধের জেরে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে মফেজ আলী নামের এক কৃষক নিহত হন। এছাড়া আমঝুপি দক্ষিণপাড়ায় পারিবারিক কলহের জেরে বড় ভাইয়ের আঘাতে ছোট ভাই বাপ্পি চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

সদর উপজেলার পাটকেলপোতা, শোলমারি সীমান্ত ও বাজিতপুর সীমান্তসংলগ্ন এলাকা থেকে একাধিক ঝুলন্ত ও অজ্ঞাত মরদেহ উদ্ধার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, এসব ঘটনায় অধিকাংশ ক্ষেত্রেই আত্মহত্যা ও দুর্ঘটনার আলামত পাওয়া গেছে।

মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার সংলগ্ন এলাকা থেকে আনুমানিক ৫০ বছর বয়সী এক মানসিক ভারসাম্যহীন নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহতের পরিচয় এখনো শনাক্ত করা সম্ভব হয়নি।

এক বছরে ধারাবাহিক হত্যাকাণ্ড ও মরদেহ উদ্ধারের ঘটনায় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয়রা। তারা দ্রুত অপরাধীদের শনাক্ত ও আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

সীমান্তে পুশইন হওয়া মুনতাজ যাত্রী ছাউনিতে আশ্রিত, মানবিক সংকট চরমে

মেহেরপুরের মুজিবনগরের আনন্দবাস সীমান্তে পুশ ইন ভারতীয় অবাঙালি মুসলমান মুনতাজ আলী বর্তমানে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে একটি সরকারি যাত্রী ছাউনিতে আশ্রয় নিয়ে মানবেতর জীবনযাপন করছেন। প্রবল শীত ও অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন তিনি।

জানা যায়, মুনতাজ আলীর ভাই ইনসান আলী সম্প্রতি আত্মহত্যা করেছেন। একমাত্র বোন আমেনা বেগম বর্তমানে বাংলাদেশ পুলিশের আইনগত প্রক্রিয়ার মাধ্যমে কারাগারে রয়েছেন। তবে মুনতাজ আলীর বিষয়ে

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কোনো দায়িত্ব নিচ্ছে না বলে অভিযোগ উঠেছে।

স্থানীয়দের সহযোগিতায় যাত্রী ছাউনিতে বসবাস করছেন মুনতাজ আলী। শীতের তীব্রতা থেকে বাঁচাতে স্থানীয়রা ছাউনির চারপাশে পলিথিন ও কাপড় দিয়ে ঘিরে দিয়েছেন। পাশাপাশি কম্বল ও খাবার সরবরাহ করে যতটুকু সম্ভব মানবিক সহায়তা করছেন গ্রামবাসী।

স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, মুনতাজ আলী কখনো কখনো স্বাভাবিকভাবে কথা বললেও অনেক সময় তাকে মানসিকভাবে বিপর্যস্ত মনে হয়। সীমান্ত এলাকায় তিন দিন না খেয়ে প্রচণ্ড ঠান্ডার মধ্যে ঘোরাঘুরির কারণেই তার শারীরিক ও মানসিক অবস্থার অবনতি হয়েছে বলে ধারণা করা হচ্ছে। রাতভর তাকে আল্লাহ-রাসূলের নাম ধরে ডাকা এবং বাবা-মাকে স্মরণ করে চিৎকার করতে শোনা যায়।

গ্রামবাসীদের দাবি, হয় তাকে তার নিজ দেশ ভারতে ফেরত পাঠানো হোক, নতুবা বাংলাদেশেই তার জন্য যথাযথ মানবিক ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা হোক।

ভুক্তভোগীর সঙ্গে কথা বলে জানা গেছে, ভারতের উড়িষ্যা রাজ্যের একটি কেন্দ্রীয় শহর থানার অধীনে তার বাড়ি। এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা জানান, বিষয়টি আন্তর্জাতিক ও সীমান্ত-সংক্রান্ত হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়িত্ব এড়িয়ে যাচ্ছে।

অন্যদিকে আনন্দবাস বিজিবি ক্যাম্পের ক্যাম্প কমান্ডার জানান, তিনি মুনতাজ আলীর বিষয়ে অবগত, তবে বর্তমানে তিনি স্থানীয় জনগণের আশ্রয়ে রয়েছেন।

স্থানীয় ইউপি সদস্য ওমর আলী বলেন, “বিষয়টি অত্যন্ত অমানবিক। একজন বৃদ্ধ মানুষকে এভাবে খোলা জায়গায় প্রচণ্ড ঠান্ডায় থাকতে দেওয়া দুঃখজনক। যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে।”

স্থানীয় মানবাধিকার ও উন্নয়ন কর্মী ওয়াজেদ আলী খান বলেন, “সীমান্তে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি আমাদের নিরাপত্তা ব্যবস্থার ওপর প্রশ্ন তুলছে। বোনকে কারাগারে পাঠিয়ে ভাইকে এভাবে অনিশ্চয়তার মধ্যে ফেলে রাখাও সংশ্লিষ্ট বাহিনীর ভূমিকা নিয়ে গুরুতর প্রশ্ন সৃষ্টি করছে।”

এ ঘটনায় দ্রুত মানবিক ও কূটনৈতিক সমাধানের দাবি জানিয়েছে স্থানীয়রা।

বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপির শোক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপি গভীর শোক প্রকাশ করেছে।

শোকবার্তায় জেলা বিএনপির নেতৃবৃন্দ বলেন, বেগম খালেদা জিয়া বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনের এক অবিসংবাদিত নেত্রী ছিলেন। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় তার অবদান ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান দলীয় নেতা-কর্মীদের প্রতি শান্ত ও সংযত থাকার আহ্বান জানান। তিনি বলেন, এই শোকের মুহূর্তে সবাইকে ধৈর্য ধারণ করে দলের শৃঙ্খলা বজায় রাখতে হবে।

বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে কোরআন খতম শেষে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে দলীয় নেতা-কর্মীদের পাশাপাশি বিভিন্ন পর্যায়ের সমর্থকরাও অংশগ্রহণ করেন। দোয়া শেষে মহান আল্লাহর দরবারে মরহুমার আত্মার মাগফিরাত এবং জান্নাতুল ফেরদাউস কামনা করা হয়।

দলের সব পদ থেকে রুমিন ফারহানাকে বহিষ্কার

দলীয় সিদ্ধান্ত অমান্য করে সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনার জন্য জাতীয় নির্বাহী কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার রুমিন ফারহানাকে বহিষ্কার করেছে বিএনপি।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোটেক রুহুল কবীর রিজভী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিএনপির প্রাথমিক সদস্যসহ সব পর্যায়ের পদ থেকে তাকে বহিষ্কার করা হয়েছে।

সূত্র : কালের কন্ঠ।

মেহেরপুরে জমে উঠেছে ফুটপাতের গরম কাপড়ের হাট

মেহেরপুরে জমে উঠেছে ফুটপাতের। শীতের তীব্রতা যতই বাড়ছে, গরম কাপড়ের হাটে ততই ভিড় জমছে। আর দেখে মনে হচ্ছে, ভেদাভেদ ভুলে ধনী-গরিব সবাই যেন মিলিত হয়েছে এই গরম কাপড়ের হাটে।

ফুটপাতে পাওয়া যাচ্ছে বিভিন্ন ডিজাইনের শীতের পোশাক। উপজেলার বিভিন্ন অঞ্চল থেকে আগ্রহীরা তাদের চাহিদামতো পোশাক কিনতে আসছে। এই গরম কাপড়ের হাটটি মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে অবস্থিত। বামন্দীর এই বাজারটি বসে শুক্রবার ও সোমবার। এছাড়াও গাংনী শহরেও ফুটপাতে বসেছে গরম কাপড়ের বাজার।

বামন্দী বাজারের ব্যবসায়ী বাবলু হোসেন বলেন, শীতের শুরুতে তেমন বেচাকেনা ছিল না। শীত পড়ার কারণে বেচাকেনা বেড়েছে।

বেচাকেনা ভালো হলে মনেও আনন্দ থাকে। শীতের তীব্রতা বেড়েছে, এতে

মানুষ ছুটে আসছে গরম কাপড় কিনতে। আমরা বিভিন্ন ডিজাইনের পোশাক তুলেছি। এখানে সব ধরনের মানুষ পোশাক কিনতে আসে। পুরাতন পোশাকের মধ্যেও অনেক ভালো পোশাক পাওয়া যায়।

নাজমুল হোসেন নামের একজন ব্যবসায়ী বলেন, সারা বছর তেমন বেচাকেনা না হলেও শীত মৌসুমে খুব ভালো বেচাকেনা হয়। ভালো মানের পোশাক আনার চেষ্টা করি। ব্যবসা ভালো হচ্ছে, লাভেও পুষিয়ে যাচ্ছে।

পোশাক ক্রয় করতে আসা আবুল হোসেন বলেন, শীত যেন হাড়ে ঠেকছে। এখানে কম দামে পুরাতন পোশাক পাওয়া যায়, তাই কিনতে এসেছি। পরিবারের সবার জন্য নেওয়ার চেষ্টা করব। তাছাড়া গার্মেন্টস থেকে এত দামের পোশাক সবার জন্য কেনা সম্ভব না। গার্মেন্টসের একটি পোশাকের দামে এখানে সবার পোশাক হয়ে যাবে।